তৃতীয় সংস্করণ চতুর্থভাগে,—সা

যাবতীয় অশৌচব্যবস্থা, বৈতরণী, চতুষ্কা

।৶০ ছয় আনা।

তৃতীয় সংস্করণ তৃতীয়ভাগে,—সা

দয়িকাদি শ্রাদ্ধকাণ্ড, মুমুক্ষুকৃত্য, উপনয়ন

তৃতীয় সংস্করণ দ্বিতীয়ভাগে,—

স্বস্ত্যয়নাদির প্রণালী বিস্তৃত রূপে লেখা

প্রথমভাগে,—প্রাতঃস্মরণীয় হইতে

মুদ্রাবিধি, সম্বলিত নিত্য কাম্য পূজা

ঘটোৎসর্গাদি এবং না বিধ প্রয়োজনী

কাই ড়া—চতুষ্পাঠ.

৮ সূচীপত্র।

হিন্দু-সৎকর্ম্মমালা।

সপ্তমভাগ।

ককারকূটঘটিত-কা॥ রূপক বুঁ স্তোত্রম্।

শ্রীসদাশিব উবাচ—শৃণু দেবি জগদ্বন্দ্যে স্তোত্রমে পাত্র ত্তমম্। পঠনাৎ শ্রবণাদ্যস্য সর্ব্বসিদ্ধী-শ্বরো ভবেৎ॥ অসৌভাগ্যপ্রশমনং সুখসম্পদ্বিবর্দ্ধনং। অকালমৃত্যুহরণং সর্ব্বাপদ্বিনিবারণং॥ শ্রীমদাদ্যাকালিকায়াঃ সুখসান্নিধ্যকারণং। স্তবস্যাস্য প্রসাদেন ত্রিপুরারিরহং শিবে॥ স্তোত্রস্যাস্য ঋষির্দ্দেবি সদাশিব উদাহৃতঃ। ছন্দোঽনুষ্টুব্দেবতাদ্যা কালিকা পরিকীর্ত্তিতা॥ হ্রীং কালী শ্রীং করালী চ ক্রীং কল্যাণী কলাবতী। কমলা কলিদর্পঘ্নী কপর্দ্দীশকৃপান্বিতা॥ কালিকা কালমাতা চ কালানল-

সমদ্যুতিঃ। কপর্দ্দিনী করালাস্যা করুণামৃতসাগরা। কৃপাময়ী কৃপাধারা কৃপাপারা কৃপাগমা (১)। কৃশানুঃ কপিলা কৃষ্ণা কৃষ্ণানন্দবিবর্দ্ধিনী॥ কালরাত্রিঃ কামরূপা কামপাশবিমোচনী। কাদম্বিনী কলাধারা কলিকল্মষনাশিনী॥ কুমারীপূজনপ্রীতা কুমারীপূজকালয়া। কুমারীভোজনানন্দা কুমারী রূপধারিণী॥ কদম্ববনসঞ্চারা কদম্ববনবাসিনী। কদম্বপুষ্পসন্তোষা কদম্বপুষ্পমালিনী॥ কিশোরী কলকণ্ঠা চ কলনাদনিনাদিনী। কাদম্বরীপানরতা তথা কাদম্বরীপ্রিয়া॥ কপালপাত্রনিরতা কঙ্কাল-মাল্যধারিণী। কমলাসনসন্তুষ্টা কমলাসনবাসিনী॥ কমলালয়মধ্যস্থা কমলামোদমোদিনী। কল-হংসগতিঃ ক্লৈব্য-নাশিনী কামরূপিণী॥ কামরূপকৃতাবাসা কামপাঠবিলাসিনী। কমনীয়া কল্পলতা কমনীয়বিভূষণা॥ কমনীয়গুণারাধ্যা কোমলাঙ্গী কৃশোদরী। কারণামৃতসন্তোষা কারণানন্দসিদ্ধিদা॥ কারণানন্দজাপেষ্টা কারণার্চ্চনহর্ষিতা। কারণার্ণবসংমগ্না কারণব্রতপালিনী॥ কস্তূরীসৌরভামোদা কস্তূরীতিলকোজ্জ্বলা কস্তূরীপূজনরতা কস্তূরীপূজকপ্রিয়া॥ কস্তূরীদাহজননী কস্তূরীমৃগতোষিণী। কস্তূরীভোজনপ্রীতা কর্পূরচন্দনোক্ষিতা॥ কর্পূরকারণাহ্লাদা কর্পূরামৃতপায়িনী।

কর্পূরসাগরস্নাতা কর্পূরসাগরালয়া॥ কূর্চ্চবীজ (১) জপ প্রীতা কূর্চ্চজাপপরায়ণা। কুলীনা কৌলিকারাধ্যা কৌলিকপ্রিয়কারিণী॥ কুলাচারা কৌতুকিনী কুলমার্গপ্রদর্শিনী। কাশীশ্বরী কষ্টহর্ত্রী কাশীশবরদায়িনী॥ কাশীশ্বরকৃতামোদা কাশীশ্বরমনোরমা॥ কলমঞ্জীরচরণা ক্বণৎকাঞ্চীবিভূষণা। কাঞ্চনাদ্রিকৃতাগারা কাঞ্চনাচলকৌমুদী॥ কামবীজ (২) জপানন্দা কামবীজস্বরূপিণী। কুমতিঘ্নী কুলীনার্ত্তি-নাশিনী কুলকামিনী॥ ক্রীং হ্রীং শ্রীং মন্ত্রবর্ণেন কালকণ্টকঘাতিনী॥ ইত্যাদ্যা কালিকাদেব্যাঃ শতনামপ্রকীর্ত্তিতং॥ ককারকূটঘটিতং কালীরূপস্বরূপকং॥ পূজাকালে পঠেদ্‌যস্তু কালিকাকৃত-মানসঃ। মন্ত্রসিদ্ধির্ভবেদাশু তস্য কালী প্রসীদতি॥ বুদ্ধিং বিদ্যাঞ্চ লভতে গুরোরাদেশমাত্রতঃ। ধনবান্ কীর্ত্তিমান্ ভূয়াদ্দানশীলো দয়ান্বিতঃ। পুত্রপৌত্রসুখৈশ্বর্য্যৈর্ম্মোদতে সাধকো ভুবি॥ ভৌমা-বাস্যানিশাভাগে মপঞ্চকসমন্বিতঃ। পূজয়িত্বা মহাকালীমাদ্যাং ত্রিভুবনেশ্বরীং॥ পঠিত্বা শতনামানি সাক্ষাৎ কালীময়ো ভবেৎ। নাসাধ্যং বিদ্যতে তস্য ত্রিষু লোকেষু কিঞ্চন॥ বিদ্যায়াং বাক্‌পতিঃসাক্ষাৎ ধনে ধনপতির্ভবেৎ। সমুদ্র ইব গাম্ভীর্য্যে বলে চ পবনোপমঃ॥ তিগ্মাংশুরিব দুষ্প্রেক্ষ্যঃ শশিবৎ শুভ দর্শনঃ। রূপে মূর্ত্তিধরঃ কামো যোষিতাং হৃদয়ঙ্গমঃ॥ সর্ব্বত্র জয়মাপ্নোতি স্তবস্যাস্য প্রসাদতঃ। যং যং

(১) কূর্চ্চবীজ ‘হূং’ এই মন্ত্র। (২) কামবীজ ‘ক্লীং’ মন্ত্র।

কামং পুরস্কৃত্য স্তোত্রমেতদুদীরয়েৎ॥ তং তং কামমবাপ্নোতি শ্রীমদাদ্যাপ্রসাদতঃ। রণে রাজকুলে দ্যূতে বিবাদে প্রাণসঙ্কটে॥ দস্যুগ্রস্তে গ্রামদাহে সিংহব্যাঘ্রাবৃতে তথা॥ অরণ্যে প্রান্তরে দুর্গে গ্রহরাজভয়েঽপিবা। জ্বরদাহে চিরব্যাধৌ মহারোগাদি সংকুলে॥ বালগ্রহাদি রোগে চ তথা দুঃস্বপ্ন দর্শনে। দুস্তরে সলিলে বাপি পোতে বাতবিপদ্গতে॥ বিচিন্ত্য পরমাং মায়া-মাদ্যাং কালীং পরাৎপরাম্। যঃ পঠেচ্ছতনামানি দৃঢ়ভক্তিসমন্বিতঃ॥ সর্ব্বাপদ্ভ্যো বিমুচ্যেত দেবি সত্যং ন সংশয়ঃ। ন পাপেভ্যো ভয়ন্তস্য ন রোগেভ্যো ভয়ং ক্বচিৎ॥ সর্ব্বত্র বিজয়স্তস্য ন কুত্রাপি পরাভবঃ। তস্য দর্শনমাত্রেণ পলায়ন্তে বিপদ্গণাঃ॥ স বক্তা সর্ব্বশাস্ত্রাণাং স ভোক্তা সর্ব্বসম্পদাম্। স কর্ত্তা জাতিধর্ম্মাণাং জ্ঞাতীনাং প্রভুরেব সঃ॥ বাণী তস্য বসেদ্বক্ত্রে কমলা নিশ্চলা গৃহে। তন্নাম্না মানবাঃ সর্ব্বে প্রণমন্তি সসম্ভ্রমাঃ॥ দৃষ্ট্যা তস্য তৃণায়ন্তে হ্যণিমাদ্যষ্টসিদ্ধয়ঃ। আদ্যা কালীস্বরূপাখ্যং শতনামপ্রকীর্ত্তিতম্॥ অষ্টোত্তর শতাবৃত্ত্যা পুরশ্চর্য্যা গীয়তে। পুরস্ক্রিয়ান্বিতং স্তোত্রং সর্ব্বাভীষ্টফলপ্রদম্। শতনামস্তুতিমিমা-মাদ্যাকালীস্বরূপিণীং পঠেদ্বা পাঠয়েদ্বাপি শৃণুয়াৎ শ্রাবয়েদপি॥ সর্ব্বপাপবিনির্ম্মুক্তো ব্রহ্মসাযুজ্য মাপ্নুয়াৎ॥ ইতি শ্রীমহানির্ব্বাণতন্ত্রে ককারকূটঘটিত কালিকাস্তোত্রং সমাপ্তম্॥

কুমারী-পূজা।

এক বর্ষ বয়স হইতে ষোড়শ বর্ষ পর্য্যন্ত অজাতপুষ্পা নারীকে কুমারী বলে, এই কুমারীর এক বৎসর দুই বৎসর বয়স ভেদে নামের প্রভেদ হইয়া থাকে, যথা,—সন্ধ্যা।১। সরস্বতী।২। ত্রিধা-মূর্ত্তি।৩। কালিকা।৪। সুভগা।৫। উমা।৬। মালিনী।৭। কুব্জিকা।৮। কালসন্দর্ভা।৯। অপরাজিতা।১০। রুদ্রাণী।১১। ভৈরবী।১২। মহালক্ষ্মী।১৩। পীঠনায়িকা।১৪। ক্ষেত্রজ্ঞা।১৫। অম্বিকা।১৬।

প্রায় সর্ব্বজাতীয়া কন্যাই কুমারী রূপে পূজা হইতে পারে, তন্মধ্যে প্রশস্তা ব্রাহ্মণ কন্যাকেই কুমারী রূপে পূজা করা ব্যবহার আছে। শাক্ত বৈষ্ণব প্রভৃতি যে কোন উপাসকই হউন সাক্ষাৎ মহাশক্তি স্বরূপা কুমারীর পূজা করিলে সর্ব্বসম্পত্তি লাভ করিয়া শান্তি লাভ করিবেন এবং তৎসম্বন্ধে সকল দেবগণ প্রসন্ন হইবেন, এইজন্য দুর্গোৎসব জগদ্ধাত্রী, অন্নপূর্ণা ও কালীপূজাদিতে পূজান্তে কুমারী-পূজা ব্যবহার আছে।

পূজানুষ্ঠান।—কুমারীকে আসনে উপবেশন করাইয়া প্রক্ষালিত পাদদ্বয়ে অলক্তক পরাইবে এবং ললাটে সিন্দূর-তিলক দিবে, পরে, দেবীজ্ঞানে ধ্যান করিবে, যথা,—

ধ্যান।—বালরূপাঞ্চ ত্রৈলোক্য-সুন্দরীং বরবর্ণিনীং। নানালঙ্কারনম্রাঙ্গীং ভদ্রবিদ্যাপ্রকাশিনীং। চারুহাস্যাং মহানন্দ-হৃদয়াং শুভদাং শুভাং॥

এইপ্রকারে ধ্যানপূর্ব্বক মানসোপচারে পূজা করিয়া, পুনর্ধ্যানানন্তর ষোড়শোপচারে বা দশোপচারে যথাশক্তি পূজা করিবে। পূজার বিশেষ বিশেষ মন্ত্র যথা,—

আসন অর্চ্চনাদি করিয়া,—ঐঁ হ্রীঁ শ্রীঁ হূঁ হে্সৌঃ ইদমাসনং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ, [এইক্রমে সরস্বত্যৈ কুমার্য্যৈ নমঃ।] হ্রীং এতৎপাদ্যং সন্ধ্যায়ৈকুমার্য্যৈ নমঃ। শ্রীঁ ইদমর্ঘ্যং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ স্বাহা। ঐঁ হ্রীঁ শ্রীঁ হূঁ হে্সৌঃ ইদমাচমনীয়ং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ স্বধা। [ঐঁ—ইত্যাদিরূপ মন্ত্র যোগে আভরণ পর্য্যন্ত দিবে।] এষ মধুপর্কঃ সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ স্বধা। ইদং পুনরাচমনীয়ং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ স্বধা। ইদং স্নানীয়োদকং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নিবেদয়ামি। ইদং বস্ত্রং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ *।

ইদমাভরণং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ। (তৎপরে) হূং এষগন্ধঃ সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ। হ্রীং এতানি পুষ্পানি সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ বৌষট্। হ্‌সৌঃ এষধূপ সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ। হ্‌সৌঃ এষদীপঃ সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ। ঐঁ হ্রীঁ শ্রীঁ হূং হ্‌সৌঃ এতন্নৈবেদ্যং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নিবেদয়ামি। ঐং হ্রীঁ ইত্যাদি নৈবেদ্যদান মন্ত্র ক্রমে পানার্থ জলাদিত্রয় দিবে॥

কুমারী ষড়ঙ্গ পূজা। ঐং হ্রীং শ্রীং হূং হ্‌সৌঃ কুলকুমারিকে হৃদয়ায় নমঃ। হৈং বৈং হ্রীং শ্রীং ঐং শিরসে স্বাহা। ওঁ শ্রীং শিখায়ৈ বষট্। ঐং কুল বাগীশ্বরি কবচায় হুং। ঐং কুলেশ্বরি নেত্রত্রয়ায় বৌষট্। হ্রীং অস্ত্রায় ফট্॥

এতেগন্ধপুষ্পে ওঁ সপরিবারায় বালভৈরবায় নমঃ। এতে গন্ধপুষ্পে ঐং সিদ্ধ-জয়ায় পূর্ব্ববক্ত্রায় নমঃ। (এইক্রমে গন্ধপুষ্পাদ্বারা) ঐং জয়ায় উত্তরবক্ত্রায় নমঃ। ঐং হ্রীং শ্রীং কুব্জিকে পশ্চিমবক্ত্রায় নমঃ। ঐং কালিকে দক্ষিণবক্ত্রায় নমঃ।

ওঁ ভাস্করায় নমঃ। (এইক্রমে) চন্দ্রায়। দিকপালেভ্যঃ। সন্ধ্যাদিভ্যঃ। বীরভদ্রায়ৈ। মহাকন্যায়ৈ। কৌলিন্যৈ। কুলগামিন্যৈ। অষ্টাদশভুজায়ৈ। কাল্যৈ। চণ্ডদুর্গায়ৈ।

পরে প্রাণায়াম পূর্ব্বক মূলমন্ত্র যথাশক্তি জপ করিয়া, গুহ্যাতি মন্ত্রে জপ সমর্পণ পূর্ব্বক প্রাণায়াম করিয়া নমস্কার করিবে, যথা,—

ওঁ নমামি কুলকামিনীং পরমভাগ্যসন্ধায়িনীং, কুমাররতিচাতুরীং সকলসিদ্ধি-মানন্দিনীং। প্রবালগুটিকাস্রজং রজতরাগবস্ত্রান্বিতাং, হিরণ্যতুল্যভূষণাং ভুবনবাক্ কুমারীং ভজে ॥

জপমালা।

শঙ্খ, প্রবাল, মণি, রত্ন, স্ফটিক, রজত, মুক্তা, পদ্মবীজ, সুবর্ণ, কুশমূল ও রুদ্রাক্ষ গৃহস্থ ব্যক্তি এই

অভাব পক্ষে করপর্ব্বেও জপ করা যায়। রুদ্রাক্ষাদির মালায় অন্য স্ফটিকাদি দ্রব্য যোগ করিবে না। বিষ্ণুবিষয়ে তুলসী, গণেশ বিষয়ে গজদন্ত, ত্রিপুরা বিষয়ে রক্ত চন্দন বীজ ও রুদ্রাক্ষমালা প্রশস্ত, শিব এবং শক্তি বিষয়েও রুদ্রাক্ষ প্রশস্ত। মালার মণি অর্থাৎ গাঁথিবার দ্রব্যগুলি ছোট বড় না হয় এবং জীর্ণ বা কীটদষ্ট গুলিকে পরিত্যাগ করিবে। অষ্টোত্তর শত সংখ্যক মণি দ্বারা মালা করিলে সর্ব্ব কার্য্য সিদ্ধি হয়॥

মালাগ্রন্থন।—মালা সংস্কার প্রয়োজন কারণ অসংস্কৃত মালায় জপ করিলে দেবতা কুপিতা হয়েন। শুভদিনে নিত্যকর্ম্ম সমাধানান্তে সাধক স্বয়ং বা গুরু দ্বারা মালা গাঁথিয়া তদ্দিনেই সংস্কার করিবেন। ব্রাহ্মণ কন্যা কর্ত্তৃক কার্পাস দ্বারা নির্ম্মিত সূত্রকে ত্রিগুণ অর্থাৎ তিনখেয়া করিয়া মিশাইয়া (পাকাইয়া) একটি সূত্র করিবে, পুনশ্চ ঐ সূত্রকে তিনভাগ (তিনতার) পূর্ব্বক একত্র করিয়া পাক দিয়া মালার প্রমাণানুযায়ী করিবে এবং ঐ সূত্রকে রক্তবর্ণে রঞ্জিত করিয়া 'ফট্' এই মন্ত্রে প্রক্ষালন করিবে। রুদ্রাক্ষের উপরিভাগ মুখ এবং নিম্নভাগ পুচ্ছ; অন্যান্য মণিরও যে অংশ স্থূল তাহা মুখ এবং যে অংশ সূক্ষ্ম তাহা পুচ্ছ বলিয়া অবধারণ করিবে। গ্রন্থনের সময় মধ্যছিদ্র মণি সকলের মুখে মুখে এবং পুচ্ছে পুচ্ছে যোগ করিবে অথবা মুখে পুচ্ছ যোগ করিয়া এক নিয়মেই গাঁথিবে। গ্রন্থনের পূর্ব্ব সময় প্রত্যেক মণিতে ওঙ্কার

পুটিত এক একটি মাতৃকা বর্ণ (স্বর ও ব্যঞ্জন) উচ্চারণ করিবে, যথা,—ওঁ অং ওঁ ওঁ আং ওঁ ওঁ কং ওঁ ওঁ খং ওঁ ইত্যাদি প্রকার করিবে এবং প্রত্যেক মণির পরে এক একটি সার্দ্ধদ্বয় আবর্ত্তন দ্বারা (আড়াই পেঁচে) গ্রন্থি দিবে। কালিকা পুরাণে বলিয়াছেন যে, প্রত্যেকে গ্রন্থি না দিয়া দৃঢ়রূপে (ঠাস করিয়া) গাঁথিলেও চলিবে। সুবর্ণাদি নির্ম্মিত সূত্রে (তারে) গাঁথিলেও হইবে, গ্রন্থি প্রভৃতি দিতে হইবে না। এই প্রকারে নির্দ্দিষ্ট সংখ্যক মণি গ্রন্থন শেষ হইয়া গেলে সূত্রের অগ্রভাগদ্বয় একত্র করিয়া (পাক দিয়া) গ্রন্থি দিয়া, অপর একটী সজতীয় প্রশস্ত মণি মেরুরূপে কল্পনা করিয়া গাঁথিয়া তাহার সম্মুখে গ্রন্থি দিবে।

মালা সংস্কার।—নয়টী অশ্বত্থপত্র পদ্মাকারে বিস্তৃত করিয়া, তাহার উপর মাতৃকাবর্ণ ও মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক মালা রাখিয়া,—"ওঁ সদ্যোজাতং প্রপদ্যামি সদ্যোজাতায় বৈ নমঃ, ভবে ভবেনাদি ভবে ভজস্ব মাং ভ[illegible]ভবঃ।" "হৌঁ" এই দুই মন্ত্রে পঞ্চগব্য এবং বিশুদ্ধ শীতল জল দ্বারা প্রক্ষালন করিবে। পরে,—"ওঁ নমো বামদেবায়, নমো জ্যেষ্ঠায়, নমো রুদ্রায়, নমঃ কালায়, নমঃ কালবিকরণায়, (নমো বলবিকরণায়) নমো বলপ্রমথনায়, নমঃ সর্ব্বভূতদমনায়, নমো মনোন্মনায়" এই সকল মন্ত্রে চন্দন

ঘোরেভ্যো ঘোরাঘোরতরেভ্যশ্চ সর্ব্বতঃ সর্ব্বসর্ব্বেভ্যো নমোস্তেহস্তু রুদ্ররূপেভ্যঃ।' পুনশ্চ চন্দনাদি লেপন করিয়া,—'ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ।' তৎপরে মালা হস্তে লইয়া,—'ওঁ ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বভূতানাং ব্রহ্মাধিপতির্ব্রহ্মণোহধিপতির্ব্রহ্মা শিবো মেহস্তু সদাশিবম্।' এই মন্ত্র প্রত্যেক মণিতে পাঠ করণ অশক্তে একবারও পড়িবে।

পরে, মালাতে দেবতার আবাহন পূর্ব্বক যথাবিধি প্রাণপ্রতিষ্ঠা করিয়া যথাশক্তিক্রমে অর্চ্চনা করিবে।

[শক্তি বিষয়ে এস্থলে মূলমন্ত্রে দেবীকে পূজা করিয়া পূজান্তে,—'হ্রীঁ মালে মালে মহামালে সর্ব্বতত্ত্বস্বরূপিণী। চতুর্ব্বর্গস্ত্বয়ি ন্যস্তস্তস্মান্মে সিদ্ধিদা ভব॥' এই মন্ত্রে রক্তবর্ণ পুষ্পের অঞ্জলি তিন বার দিবে। বিষ্ণুবিষয়ে,—'ঐঁ শ্রীঁ অক্ষমালায়ৈ নমঃ,' মন্ত্রে পূজা করিবে।] পূজার পরে, অকারাদি স্বরবর্ণ এবং কাদি ব্যঞ্জনবর্ণ পুটিত মূলমন্ত্র অনুলোম বিলোম ক্রমে জপ করিয়া, 'হেসৌঃ' এই মন্ত্র মেরুতে একবার জপ করিবে। তৎপরে,—'ওঁ ত্বং মালে সর্ব্বদেবানাং সর্ব্বসিদ্ধিপ্রদা মতা। তেন সত্যেন মে সিদ্ধিং দেহি মাতর্নমোহস্তু তে॥' এই মন্ত্রে প্রণাম করিবে।

পরে, যথোক্তবিধানে বহ্নি স্থাপন পূর্ব্বক দেবতার স্বাহান্ত মন্ত্রে অষ্টোত্তর শতবার হোম করিয়া প্রত্যেক হুতশেষ দেবতারূপিণী মালার উপর দিবে। হোম করিতে অশক্ত হইলে দেবতার মূলমন্ত্র

হোমসংখ্যার দ্বিগুণ জপ করিবে। এইরূপে মালা সংস্কার হইলে যথাশক্তি গুরুকে পূজা করিয়া, পঞ্চোপচারে,—"ঐঁ শ্রীঁ অক্ষমালায়ৈ নমঃ" এই মন্ত্রে মালার পূজা পূর্ব্বক প্রার্থনা করিবে,—'ওঁ মালে মালে মহামালে সর্ব্বশক্তি স্বরূপিণী। চতুর্ব্বর্গস্ত্বয়ি ন্যস্তস্তস্মাদ্বৈ সিদ্ধিরস্তু মে॥ ওঁ সিদ্ধেশ্বর্য্যৈ নমঃ॥'

যে দেবতার মন্ত্রে মালা প্রতিষ্ঠা করিবে, তদ্ভিন্ন অন্য দেবতার মন্ত্র সেই মালায় জপ করিবে না, জপকালে জপকর্ত্তার অঙ্গ কিম্বা মালা কম্পন না হয়, জপকালে মালা হস্ত হইতে পড়িয়া যাওয়া বা মালার সূত্র ছিন্ন হওয়া কিম্বা মালায় কোনরূপ শব্দ হওয়া অথবা উরু, পাদ ও ওষ্ঠ মালা দ্বারা সংস্পৃষ্ট হওয়া দোষজনক; এই সকল বিষয়ে বিশেষ সতর্ক থাকিবে। জপান্তে কর্ণপৃষ্ঠে কিম্বা কোন উচ্চস্থানে আধারে মালা রাখিবে, মৃত্তিকার উপর রাখিবে না। অঙ্গুষ্ঠ এবং মধ্যমার মধ্যস্থান দ্বারা মালা চালনা করিয়া জপ করিবে, তর্জ্জনী স্পর্শ করাইবে না এবং মেরু পর্য্যন্ত জপ হইলে পুনশ্চ আবর্ত্তন করিয়া জপ করিবে, মেরুলঙ্ঘন করিবে না।

সংস্কৃত মালার জীর্ণসূত্র ত্যাগ করিয়া পুনশ্চ নূতন সূত্রে গাঁথিলে একশত বার মন্ত্র জপ দ্বারা পুনঃসংস্কার করিবে। দৈবাৎ মালা হস্তভ্রষ্ট হইলে বা ছিন্ন হইলে, অষ্টোত্তর শতবার জপ করিবে।

হইলে মালা পঞ্চগব্য দ্বারা প্রক্ষালন পূর্ব্বক অষ্টোত্তর শতবার জপ করিবে। [জপ বিধি পুরশ্চরণ প্রকরণে দেখ, তন্ত্রসারে ইহা ব্যতীত অন্য এক প্রকারও মালা সংস্কার বলিয়াছেন]।

জপের আসন।

কম্বলাসন, পট্টসূত্রনির্ম্মিত আসন, কুশাসন এবং চর্ম্মনির্ম্মিত আসন জপ পূজাদি কার্য্যে প্রশস্ত। মৃত্তিকা, পাষাণ, বস্ত্র, গাম্ভারীভিন্ন কাষ্ঠ এবং তৃণ ও পত্র রচিত আসন পরিত্যজ্য, অন্যান্য আসনের সহিত যোগ থাকিলে বস্ত্রাসন দূষ্য নহে। অদীক্ষিত গৃহস্থ কদাচ কৃষ্ণসার চর্ম্মে উপবেশন করিবেন না। আসন চতুষ্কোণ হইবে এবং দুই হস্তের অধিক দীর্ঘ ও দেড় হস্তের অধিক বিস্তৃত এবং তিন অঙ্গুলির অধিক উচ্চ না হয়। মেরুদণ্ড সরল রাখিয়া উপবেশন করা সর্ব্বদা অভ্যাস করিবে।

পুরশ্চরণব্যবস্থা।

মন্ত্রসিদ্ধিকামনায় জপ হোম তর্পণ অভিষেক ও ব্রাহ্মণভোজন, এই পঞ্চাঙ্গ উপাসনাকে পুরশ্চরণ কহে। পুরশ্চরণ সম্পন্ন মন্ত্রই ফলদায়ক, স্বয়ং অসমর্থে গুরু কিম্বা সুশীল জ্ঞানসম্পন্ন ধার্ম্মিক ব্রাহ্মণ অথবা

গুণশীলান্বিতা পুত্রবতী স্বীয় স্ত্রী দ্বারা পুরশ্চরণ করাইতে পারে। পুরশ্চরণে দীক্ষিত স্ত্রীশূদ্রাদি সকলেই অধিকারী। কাল্যাদির সিদ্ধ মন্ত্রের পুরশ্চরণ না হইলেও দোষ হয় না।

কাল। বৈশাখ, শ্রাবণ, আশ্বিন, কার্ত্তিক, অগ্রহায়ণ, মাঘ, ফাল্গুন এই সকল মাসে পুরশ্চরণ প্রশস্ত, এতদ্ব্যতীত হরিশয়নে করিবে না কিন্তু দেবীপক্ষে পুরশ্চরণ প্রশস্ত, চন্দ্র তারা অনুকূল দেখিয়া শুভদিনে শুক্লপক্ষে পুরশ্চরণ করিবে, গ্রহণ কালে ও মহাতীর্থে কালাকাল বিচার নাই।

স্থান। তীর্থাদি পুণ্যক্ষেত্রে নদীতীরে পর্ব্বতশিখরে বা গুহায় দেবালয়ে নির্জ্জনউদ্যানে গুরু-সন্নিধানে নিজগৃহে গোশালায় কিম্বা তুলসীকাননে অথবা বিল্ব অশ্বত্থ বা আমলকী বৃক্ষমূলে অথবা চিত্ত-প্রসন্নজনক যে কোন বিঘ্নরহিত অন্ধকার হীন পবিত্র স্থানে বসিয়া জপ করিবে।

ভোজন। পুরশ্চরণ আরম্ভের পরে প্রত্যহ দিনে উপবাস করিয়া দেড়প্রহর রাত্রির মধ্যে সুস্বাদু লঘুপাক হবিষ্যান্ন দ্র· (প্র৯৬ পৃষ্ঠা) কাংস্য ভিন্ন পাত্রে লইয়া নিবেদন পূর্ব্বক স্বল্প পরিমাণে ভোজন করিবে, ইন্দ্রিয় উত্তেজক দ্রব্য ও অপ্রশস্ত দ্রব্য এবং পরান্নাদি ভোজন করিবে না।

সাধারণ নিয়ম। আরব্ধ দিন হইতে পুরশ্চরণ সমাপন পর্য্যন্ত প্রত্যহ নদ্যাদিতে বা অনুষ্ণ জলে

হইলে কেবল প্রাতঃকালেই করিবে, এইকালে মন্ত্রপূত পঞ্চগব্য কিম্বা আমলকচূর্ণ মিশ্রিত জলে স্নান প্রশস্ত। প্রত্যহ তর্পণ এবং কাম্য ব্যতীত নিত্যনৈমিত্তিক দেবপূজা ও গুরু সন্নিহিত থাকিলে তাঁহার সেবা এবং সমর্থ হইলে নিত্য দানাদি করিবে এবং সর্ব্বদা ধর্ম্ম্যভাবে থাকিয়া ইষ্টদেবতার নাম কীর্ত্তন ও স্তবাদি পাঠ করিবে, পুরশ্চরণে কোনরূপ অনিয়ম না ঘটে এজন্য সর্ব্বদা সতর্ক থাকিবে। আহার সংস্থান থাকিলে তৎকালে যাচিত বা অযাচিত দান গ্রহণ করিবে না, অসংস্থান থাকিলে, পর্ব্বদিনে তীর্থের বহির্দ্দেশে অনিন্দিত ব্যক্তির নিকট হইতে তদ্দিনপাতযোগ্য দ্রব্য গ্রহণ করিতে পারে। প্রত্যহ প্রক্ষালিত কুশশয্যায় বা ভূমিশয্যায় পরিশুদ্ধ বস্ত্রপরিধান করিয়া একাকী শয়ন করিবে; দিবানিদ্রা, সংগীতাদিশ্রবণ, নৃত্যাদিদর্শন, মিথ্যা কিম্বা বহুবাক্যালাপ বা পতিতাদির সহিত বাক্যালাপ ত্যাগ করিবে, ক্রোধ লোভাদি ইন্দ্রিয়বেগসূচক পাপকার্য্য সম্বরণ করিবে, বিলাসিতা এবং মৈথুন বা তৎকথালাপ পরিত্যাগ পূর্ব্বক ব্রহ্মচারী হইবে, ঋতুকাল উপস্থিত হইলে একদিন মাত্র স্বীয় ভার্য্যা গমন করিতে পারে, সর্ব্বত্রই ইহাতে ব্রহ্মচর্য্য ধ্বংস হয় না।

জপবিধি *

বিষ্ঠা মূত্রাদির উদ্বেগশূন্য হইয়া অদ্রুত ও অনতিবিলম্ব ভাব বর্জ্জিত হইয়া, মুক্তামালা গ্রন্থনের ন্যায় সমভাবে এবং একাকী একমনে আচ্ছাদিত করদ্বয় হইয়া মৌনাবলম্বন পূর্ব্বক সংখ্যাযুক্ত জপ করিবে। জপ হোমাদিকালে একবার অন্য শব্দোচ্চারণ করিলে, প্রণব (স্ত্রীশূদ্রেরা নমোবিষ্ণু) উচ্চারণ এবং ম্লেচ্ছভাষা উচ্চারিত হইলে প্রাণায়াম করিবে। বহুবাক্যোচ্চারণ আসনত্যাগ আলস্য জৃম্ভন নিদ্রা হাঁচি কাশী ভয় ক্রোধ নীচাঙ্গস্পর্শ এবং অধোবায়ুত্যাগ প্রভৃতি কার্য্য করিলে জপত্যাগ করিয়া আচমন পূর্ব্বক অঙ্গ-করাঙ্গ ন্যাস এবং প্রাণায়াম করিয়া পুনশ্চ জপ করিবে। পতিত কিম্বা অন্ত্যজাদির দর্শন ঘটিলে অথবা মার্জ্জার কুক্কুট কুক্কুর বক বানর বা গর্দ্দভাদির দর্শন ঘটিলে আচমনাদি করিবে অথবা সূর্য্য অগ্নি বা ব্রাহ্মণাদিকে দর্শন করিবে, স্পর্শন ঘটিলে স্নানাদি করিতে হইবে। একবস্ত্র বা বহুবস্ত্র

---

* (প্রথম ভাগে ৮৩পৃষ্ঠায় জপবিধি দেখ) যামলে আছে, আতপতণ্ডুল ধান্য পুষ্প চন্দন এবং মৃত্তিকা প্রভৃতি দ্বারা জপসংখ্যা রাখিবে না। লাক্ষা রক্তচন্দন সিন্দূর গোময় এবং গোময়ভস্ম ইহা একত্র করিয়া বটিকা প্রস্তুত করিয়া তাহা দ্বারা

বিশিষ্ট হইয়া কিম্বা মস্তকে উষ্ণীশ বন্ধন বা অনাবৃত মস্তকে অথবা মুক্তশিখা হইয়া জপ করিবে না এবং পরিধেয় বসন ও নবদ্বার সমন্বিত দেহ সর্ব্বদা পরিস্কার রাখিবে। প্রস্তর আসনে বা নিরাসনে বসিয়া অথবা শয়ন ভোজন কিম্বা গমনকালে এবং ক্ষুধা তৃষ্ণাদি দ্বারা চিত্তের ব্যাকুল অবস্থায় জপ করিবে না, সাধারণ জপই শয়ন অবস্থা প্রভৃতিতে করিতে নাই, কিন্তু মানসিক জপে এই সকল নিয়ম নাই। সার্থক মন্ত্রাক্ষর শ্রেণী মনে মনে স্পষ্ট উচ্চারণ পূর্ব্বক স্বীয় কর্ণের অগোচর যে জপ তাহা মানস জপ, দেবতাগত চিত্ত হইয়া জিহ্বা ও ওষ্ঠ কিঞ্চিৎ চালনা করিয়া স্বীয় কর্ণগোচর মাত্র যে জপ তাহা উপাংশু জপ, বাক্যে মন্ত্রোচ্চারণ করিয়া যে জপ তাহা বাচিক। অন্যের কর্ণগোচর যোগ্য যে জপ এবং মানসিক যে স্তবপাঠ তাহা নিষ্ফল। জপদ্বারা দেবগণ স্তূয়মান হইয়া প্রসন্ন হয়েন এবং সাধককে বিপুলভোগ ও অন্তে মুক্তিদান করেন, যাবতীয় যজ্ঞ প্রতিষ্ঠা ও তপস্যাদি কর্ম্ম বাচিকজপের ষোড়শৈকভাগ ফল-দানের যোগ্য হয়েন না, এইরূপ বাচিক জপ অপেক্ষা উপাংশুজপ শতগুণ এবং উহা অপেক্ষা মানস জপ সহস্রগুণ ফলদায়ক, যে জপদ্বারা হৃদয়গ্রন্থিভেদ দেহরোমাঞ্চিত আনন্দাশ্রুপাত ও গদ্‌গদোক্তি প্রভৃতি ভক্তিচিহ্ন প্রকাশ পায়, তাহাই উত্তম ফলপ্রদ।

অথ পুরশ্চরণপ্রয়োগঃ।

পুরশ্চরণ আরম্ভের পূর্ব্বপূর্ব্বদিনে অর্থাৎ তৃতীয় দিনে ক্ষৌরাদি কর্ম্ম করিয়া, পূর্ব্বনির্দ্দিষ্ট প্রশস্ত কার্য্যক্ষেত্রে গমন পূর্ব্বক "অমুক দেবতায়া অমুক মন্ত্রস্য পুরশ্চরণ সিদ্ধয়ে ময়েয়ং ভূমির্গৃহ্যতে মন্ত্রো মে সিদ্ধতাং" এই মন্ত্র পড়িয়া, কূর্ম্মচক্রানুরূপ (তন্ত্রসারে দেখুন) কুটীর মধ্যে কূর্ম্মচক্রানুরূপ বেদিকা নির্ম্মাণ করাইবে, এই বেদিকার চতুর্দ্দিকে এক বা দুই ক্রোশ পরিমিত স্থান আহার বিহারার্থ পরিকল্পনা করিয়া লইবে, অর্থাৎ আরম্ভের পরে সমাপন কালাবধি কল্পিত স্থান অতিক্রম করিবে না, তন্ত্রসারে বলিয়াছেন যে, পর্ব্বতে সিন্ধুতীরে বা পুণ্যারণ্যে কিম্বা নদীতটে পুরশ্চরণ করিলে কূর্ম্মচক্রের আবশ্যক নাই। এইদিনে হবিষ্যান্ন ভোজন করিয়া থাকিবে।

পরদিনে প্রাতঃস্নানাদি নিত্যকার্য্য সমাধা পূর্ব্বক বট অশ্বত্থ যজ্ঞডুম্বুর পাকুড় ও ক্ষীরিবৃক্ষ ইহার যে কোন বৃক্ষের বি[illegible]প্রমাণ দশটি কাষ্ঠিকা লইয়া,—'ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায়ফট্' এই মন্ত্র দশবার উচ্চারণ পূর্ব্বক বেদিকার দশদিকে পূর্ব্বাদিক্রমে পুতিবে,—'ওঁ যে চাত্র বিঘ্নকর্ত্তারো ভুবি দিব্যন্তরীক্ষগাঃ। বিঘ্নীভূতাশ্চ যে চান্যে মম মন্ত্রস্য সিদ্ধিষু॥ ময়ৈতৎকীলিতং ক্ষেত্রং পরিত্যজ্য বিদূরতঃ। অপসর্পন্তু তে

ইহাগচ্ছাগচ্ছ' ইত্যাদিক্রমে আবাহন পূর্ব্বক পূর্ব্বাদিক্রমে পঞ্চোপচারে পূজা করিবে,—'ওঁ লাং ইন্দ্রায় লোকপালায় নমঃ, (এইক্রমে) রাং অগ্নয়ে, যাং যমায়, ক্ষাং নৈঋতয়ে, বাং বরুণায়, যাং বায়বে, সাং কুবেরায়, হাং ঈশানায়, (নৈঋত ও পশ্চিম কোণের মধ্যে) হ্রীং অনন্তায়, (পূর্ব্ব ও ঈশান কোণের মধ্যে) ওঁ আং ব্রহ্মণে। পরে বেদিমধ্যস্থানে,—ওঁ ক্ষেত্রপালায় নমঃ, পাদ্যাদিদ্বারা পূজা করিয়া,—এষ মাসভক্তবলি ওঁ ক্ষৌঁ ক্ষেত্রপালায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তীশায় নমঃ। তৎপরে, অদ্যেত্যাদি মৎকর্ত্তব্যেঽমুকদেবতায়া অমুক মন্ত্রস্য পুরশ্চরণকর্ম্মণি বিঘ্নবিনাশার্থং গণেশপূজামহং করিষ্যে, ধ্যান-পূর্ব্বক দশোপচারে গণেশের পূজা করিবে। তৎপরে,—এষ মাসভক্তবলি ওঁ ইন্দ্রাদি দিক্‌পালেভ্যো নমঃ। ওঁ যে রৌদ্রা রৌদ্রকর্ম্মাণো রৌদ্রস্থাননিবাসিনঃ। মাতরোপ্যুগ্ররূপাশ্চ গণাধিপতয়শ্চ যে। বিঘ্নী-ভূতাশ্চ যে চান্যে দিগ্বিদিক্ষু সমাশ্রিতাঃ। সর্ব্বে তে প্রীতিমনসঃ প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিং। এষ মাসভক্তবলি ওঁ ভূতেভ্যো নমঃ। এইরূপে মাষভক্ত বলি দিয়া, অষ্টোত্তর সহস্রবার দেবতার গায়ত্রী জপ করিবে। সংকল্প যথা,—অদ্যেত্যাদি অমুক দেবশর্ম্মা জ্ঞাতাজ্ঞাতসর্ব্বপাপক্ষয়কামোঽষ্টোত্তরসহস্রসংখ্যক সাবিত্রীজপমহং করিষ্যে। এইদিনে গুরু এবং ব্রাহ্মণকে বস্ত্রাদি দ্বারা সন্তোষ করিবে ও একটি ব্রাহ্মণ ভোজন করাইবে এবং স্বয়ং হবিষ্যান্ন ভোজন কিম্বা উপবাস করিবে।

পুরশ্চরণ দিনে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক গুরুর উদ্দেশে বস্ত্রাদি দ্বারা পূজা করিয়া মনে মনে অনুজ্ঞা লইবে, [গুরুসন্নিহিত থাকিলে কৃতাঞ্জলি হইয়া বলিবে,—'শ্রীগুরোঽমুকমন্ত্রস্য পুরশ্চরণমহং করিষ্যে তত্র ভবাননুজানাতু।' গুরুদেব বলিবেন,—'অমুকমন্ত্রস্য পুরশ্চরণং কুরু সিদ্ধিস্তে ভবতু]।' তৎপরে প্রদীপ জালিয়া, বেদির উপর প্রশস্ত আসনে উপবেশনান্তে আচমন পূর্ব্বক স্বস্তিবাচন করিয়া সংকল্প করিবে,—বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক তিথাবারভ্য অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীমদমুকদেবতায়া অমুকমন্ত্রস্য সিদ্ধি-কামোঽমুক মন্ত্রস্য ইয়ৎসংখ্যকজপ তদ্দশাংশহোম তদ্দশাংশতর্পণ তদ্দশাংশাভিষেক তদ্দশাংশব্রাহ্মণভোজন-রূপং পুরশ্চরণমহং করিষ্যে * ॥ সংকল্পসূক্ত পড়িয়া, সামান্যার্ঘ্য ভূতশুদ্ধি, প্রাণায়াম, (ঋষ্যাদিন্যাস,) অঙ্গন্যাস ও করাঙ্গ-ন্যাসাদি স্ব স্ব পদ্ধতি অনুসারে করিয়া, যথাশক্তি ইষ্টদেবতার পূজা পূর্ব্বক গুরু

---

* তন্ত্রসারোক্ত সংকল্প যথা,—অদ্যেত্যাদি অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা অমুক মন্ত্রসিদ্ধিপ্রতি

দেবতা ও মন্ত্রের ঐক্য চিন্তা করিয়া, প্রাতঃকাল হইতে মধ্যাহ্ন (সময়ের মধ্যকাল) পর্য্যন্ত জপবিধান ক্রমে তন্ত্রসারাদি গ্রন্থে কথিত দেবতা বিশেষে বিহিত সংখ্যক জপ করিবে।

জপক্রম।—দেবতা ভেদে জপক্রমের যাহা বিশেষ আছে তাহা তন্ত্রসারোক্ত পদ্ধতিতে দেখিবে। এখানে কালীমন্ত্রোপাসকদিগের যাহা বিশেষ তাহা লিখিত হইতেছে।

[করযোড়ে—বামে ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরম গুরুভ্যো নম, ওঁ পরাপর গুরুভ্যো নমঃ। দক্ষিণে ওঁ গণেশায় নমঃ। মধ্যে মূল উচ্চারণ করিয়া শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ দেবতায়ৈ নমঃ॥ পরে, মস্তকস্থিত অধোমুখ সহস্রদল পদ্মে স্বীয় গুরুদেবের স্মরণ করিবে। মন্ত্র শিখা।—মূলাধারাদি সহস্রার পর্য্যন্ত ষট্ চক্রের চিন্তা পূর্ব্বক জীবাত্মার সহিত কুণ্ডলিনী শক্তিকে মূলাধার হইতে ষট্চক্রভেদ দ্বারা সহস্রারে লইয়া গিয়া, পুনশ্চ যথাস্থানে স্থাপনরূপ মন্ত্রশিখা সপ্তবার স্মরণ করিবে। পরে, ঋষ্যাদিন্যাস করিয়া মন্ত্রচৈতন্য ভাবনা করিবে; যথা,—সহস্রার রূপ শিবপুরে চতুর্ব্বেদরূপ চতুঃশাখায় শ্বেত, কৃষ্ণ, পীত ও রক্ত প্রভৃতি নানা বর্ণের পুষ্প ফলাদি দ্বারা নিত্য পরিশোভিত যে কল্প বৃক্ষ তাহার মূলে রত্ন বেদিকার উপর নানা পুষ্পাদিযুক্ত পর্য্যঙ্কে উপবিষ্ট কুণ্ডলিনী শক্তিযুক্ত মহাদেবকে চিন্তা করিবে। পরে বাচ্যবাচক ভাবে মন্ত্র ও দেবতার ঐক্য জ্ঞান রূপ মন্ত্রার্থ চিন্তা এবং সহস্রারে গুরুকে ও হৃদয়ে দেবতাকে ভাবনা

করিয়া, মস্তকে, 'ক্রীঁ হূঁ স্ত্রীঁ হ্রীঁ ফট্।, এই কুল্লুকা স্মরণ করিয়া, 'ঐঁ হূঁ ঐঁ, এই সেতু একবার জপ করিয়া, কালিকার নিজ বীজ একবার উচ্চারণ রূপ মহাসেতু জপ করিবে *। [তৎপরে নির্ব্বাণ মন্ত্র জপ করিবে, যথা,—ওঁ অং মূলমন্ত্র ঐং, অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ৯ং ৡং এং ঐং ওঁ ঔঁ অং অঃ। কং খং গং ঘং-ঙং, চং ছং জং ঝং ঞং, টং ঠং ডং ঢং ণং, তং থং দং ধং নং, পং ফং বং ভং মং, যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং ॥] (যোনী মুদ্রা চিন্তনাশক্ত ব্যক্তি) প্রণব পুটিত (অর্থাৎ আদ্যন্তে প্রণবযুক্ত) মূলমন্ত্র অষ্টোত্তর সহস্র বার জপ করিয়া, অঙ্গন্যাস ও প্রাণায়াম পূর্ব্বক মুখ শোধনার্থ মুখে জপ করিবে, যথা,—'ক্রীঁ ক্রীঁ ক্রীঁ ওঁ ওঁ ওঁ ক্রীঁ ক্রীঁ ক্রীঁ।' প্রাণযোগ যথা,—'হ্রীঁ মূলমন্ত্র হ্রীঁ, ইহা সপ্তবার জপ করিবে। দীপনী যথা,—'ওঁ মূলমন্ত্র ওঁ, সপ্তবার জপ করিবে। অশৌচ ভঙ্গ যথা,—'ওঁ মূল ওঁ' এই প্রকার সপ্তবার জপ করিবে। মূলমন্ত্র পূর্ব্বক 'ঈং' এই কামকলা বীজ যথাশক্তি জপ করিবে। পরে, এতে গন্ধ পুষ্পে ঐং শ্রীং অক্ষমালায়ৈ নমঃ, মন্ত্রে রুদ্রাক্ষমালার পূজা করিয়া, ওঁ মালে মালে মহা মালে সর্ব্বশক্তিস্বরূপিণি। চতুর্বর্গস্ত্বয়ি ন্যস্ত-স্তস্মাদ্বৈ সিদ্ধিরস্তু মে। ওঁ সিদ্ধেশ্বর্য্যৈ নমঃ' মন্ত্রে মালা

গ্রহণ পূর্ব্বক মন্ত্রের স্বর ব্যঞ্জন বর্ণ বিচ্ছেদ দ্বারা বোধ করিয়া, মন্ত্রকে ব্রহ্মরন্ধ্রাদি স্থানে চিন্তা পূর্ব্বক পূর্ব্বোক্ত বিধান ক্রমে সংখ্যাযুক্ত জপ করিবে।

জপ সমাপনান্তে, গুহ্যাতি মন্ত্র পাঠ করিয়া, অর্ঘ্য কুশ কিম্বা পুষ্পযুক্ত জল লইয়া তেজোময় জপফল দেবতার দক্ষিণ হস্তে (শক্তি বিষয়ে বামহস্তে) সমর্পণ পূর্ব্বক জপ সফল মনে করিবে। [তৎপরে পুনশ্চ সেতু ও অশৌচ ভঙ্গ মন্ত্র পাঠ এবং] প্রাণায়াম করিয়া, দেবতা ও গুরুকে প্রণাম করিবে।

এইক্রমে প্রতিদিন নিয়মিত জপান্তে অথবা সর্ব্ব সম্পূর্ণ হইলে শেষদিনে বা তৎপরদিনে জপের দশাংশ দশাংশ সংখ্যানুসারে হোমাদি করিবে, যথা,—তান্ত্রিক মন্ত্রে তান্ত্রিক বিধানে নচেৎ ভবদেবোক্ত বিধানে বহ্নিস্থাপনাদি করিয়া, দেবতা বিশেষে বিহিত সমিধ দ্বারা জপের দশাংশ সংখ্যক হোম * করিয়া উদিচাঙ্গ কর্ম্ম করিয়া।

---

* পুরশ্চরণ চন্দ্রিকায় বলিয়াছেন যে, হোমে অশক্ত হইলে ব্রাহ্মণ বা ব্রাহ্মণী হোম সংখ্যার চতুর্গুণ জপ করিবেন এবং শূদ্র কিম্বা শূদ্রাণী হোম সংখ্যার অষ্টগুণ জপ করিবেন, ইহাতে অশক্ত হইলে যোগিনী হৃদয়ে বলিয়াছেন যে, ব্রাহ্মণ হোম সংখ্যার দ্বিগুণ এবং শূদ্র পঞ্চগুণ জপ করিলেও হইবে। সর্ব্বত্র স্ত্রী ও শূদ্রেরা ব্রাহ্মণ দ্বারা হোম করাইবেন।

বশিষ্ঠ সংহিতায় বলিয়াছেন যে, হোমাদির পরিবর্ত্তে পূর্ব্বোক্ত জপে অসমর্থ হইলে সর্ব্বত্রই দ্বিগুণ জপ দ্বারা অঙ্গপূরণ

তর্পণ। নদ্যাদিতে স্নান পূর্ব্বক তীরে বসিয়া জলে দেবতাকে ধ্যান করিয়া, উদকাত্মক পাদ্যাদি দ্বারা পূজান্তে, 'মূল উচ্চারণ পূর্ব্বক অমুক দেবতামহং তর্পয়ামি নমঃ, এই মন্ত্রে হোমের দশাংশ * সংখ্যক বার দেবীকে তর্পণ করিবে, (কোন কোন মতে আবরণ দেবতাদিগকেও আদ্যন্তে এক এক অঞ্জলি জল দ্বারা তর্পণ করিতে হইবে) কর্পূর মিশ্রিত জলে তর্পণ প্রশস্ত।

অভিষেক। ‡ স্বীয় মস্তকে দেবতাকে মানসিক পূজা করিয়া, 'মূল উচ্চারণ পূর্ব্বক অমুক দেবতামহমভিষিঞ্চামি নমঃ' এই মন্ত্রে কলসমুদ্রা দ্বারা জল লইয়া তর্পণের দশাংশ সংখ্যক বার স্বীয় মস্তকে দেবতার অভিষেক করিবে।

করিবে; সর্ব্বত্র ব্রাহ্মণ ভোজন সংখ্যানুসারে করাইতে হইবে। অগস্ত্য সংহিতায় বলিয়াছেন, হোমাদিতে অশক্ত হইলে কেবল জপ ও ব্রাহ্মণ ভোজন দ্বারাও পুরশ্চরণ সিদ্ধি হইবে, গ্রহণ পুরশ্চরণে কেবল জপ দ্বারাও গৌণরূপে পুরশ্চরণ সিদ্ধি হইতে পারে, এই অনুকল্প স্থানে তন্ত্রসারকার প্রভৃতির মিমাংসা এই যে, যে ব্যক্তি পঞ্চাঙ্গোপাসনাত্মক পুরশ্চরণ একবার করিয়াছেন সেই জ্ঞানী ব্যক্তিরই কেবল অন্য জপাত্মক পুরশ্চরণে অধিকার আছে, অপরের নাই। গুরুদেবেরা বলেন, যে, গৃহস্থদিগের হোমাদি করা আবশ্যক, উদাসীনদিগের অনুকল্প দ্বারাও পুরশ্চরণ সিদ্ধ হইবে।

তৎপরে, অভিষেকের দশাংশ সংখ্যক সাক্ষাৎ দেবময় দীক্ষিত ব্রাহ্মণদিগকে সম্মান পূর্ব্বক ক্ষীরাদি উপকরণ যুক্ত অন্নাদি (কালী বিষয়ে হবিষ্যান্ন) ভোজন করাইবে, ব্রাহ্মণ ভোজন দ্বারাই সর্ব্বকার্য্যের অঙ্গবৈকল্য খণ্ডন হয়। তৎপরে নানাপ্রকার উপচার দ্বারা দেবতাকে বিশেষরূপে পূজা করিয়া কুমারীকে বস্ত্রাদি দ্বারা পূজা পূর্ব্বক ভোজন করাইবে।

এইরূপে সমর্থ হইলে প্রতিদিন জপান্তে হোমাদি কুমারী পূজান্ত কার্য্য করিবে, অসমর্থ পক্ষে সর্ব্বশেষে হোমাদি করিয়া, গুরুকে বস্ত্রাভরণ প্রভৃতি দ্বারা তুষ্টিজনক পূজা পূর্ব্বক যথাশক্তি দক্ষিণা দিবে, গুরুর অভাবে তৎপুত্র কিম্বা তৎপত্নীকে দিবে, তাঁহাদের অভাবে ধার্ম্মিক ব্রাহ্মণকে দিবে।

দক্ষিণান্ত।—অদ্যামুকে মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতৈতৎ শ্রীমদমুকদেবতায়া অমুক মন্ত্রপুরশ্চরণকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং বা তন্মূল্যং শ্রীবিষ্ণু দৈবতং অমুক গোত্রায় গুরবে তুভ্যমহং সম্প্রদদে॥ পরে, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান পূর্ব্বক অন্ধ বধিরাদিকে ভোজন করাইয়া স্বয়ং ভোজন করিবে॥

গ্রহণপুরশ্চরণ প্রয়োগ * ।

অন্যপ্রকার পুরশ্চরণ কথিত হইতেছে যে, সূর্য্য বা চন্দ্রের গ্রহণ উপস্থিত হইলে পূর্ব্বদিন উপবাস পূর্ব্বক গ্রহণ দর্শন মাত্রেই সমুদ্রগামিনী নদীতে স্নান দ্বারা শুচি হইয়া, আচমনানন্তর সঙ্কল্প করিয়া, নাভিমাত্র জলে অবস্থিতি পূর্ব্বক গ্রহণের আরম্ভ হইতে মুক্তি কাল পর্য্যন্ত জপ করিবে ।

---

* যদি নদীতে কুম্ভীরাদির শঙ্কা থাকে তবে স্নানানন্তর পবিত্রস্থানে বসিয়া জপ করিবে, নদীর অভাবস্থানে যে কোন পবিত্র জলে স্নান করিবে, কারণ গ্রহণকালে সমস্ত জল গঙ্গাজল তুল্য হয় (প্র ৮ পৃষ্ঠায় স্নানবিধি দেখ)।

গ্রহণকালে শ্রাদ্ধ না করিলে মৃত পিতৃক ব্যক্তির যে, বিশেষ পাপ হয় বলিয়া শাস্ত্রে আদেশ আছে উহা অদীক্ষিত ব্যক্তির সম্বন্ধে ইহা কেহ কেহ বলেন, কিন্তু সাধারণত পণ্ডিতেরা গ্রহণকালে প্রতিনিধিদ্বারা শ্রাদ্ধ করাইয়া সর্ব্বসামঞ্জস্য রক্ষা করেন। গ্রহ [illegible] কিম্বা গ্রস্তোদয় গ্রহণে পুরশ্চরণ ও দীক্ষা হইবে না। গ্রহণকালে অদীক্ষিত ব্যক্তিরও গায়ত্রী জপাদি কিম্বা অন্য দেবতার নাম জপ ও স্তবাদি পাঠ দ্বারা ধর্ম্মভাবে অবস্থান করা আবশ্যক। নিমিত্তের অনিশ্চয়ত্ব হেতুক গ্রহণের পূর্ব্বদিনে উপবাস না করিয়াও পুরশ্চরণ করা যায় এই প্রকার মিমাংসাকার গুরুদেবেরা বলিয়া থাকেন, বাস্তবিক গ্রহণের পূর্ব্বদিন উপবাস করা না করা দুই প্রকার কল্পই আছে। শাক্তানন্দতরঙ্গিণীধৃত যামলে বলিয়াছেন যে, জন্মচন্দ্রাদিতে যে গ্রহণ দর্শন নাই সেটি অদীক্ষিত কিম্বা জপ পূজাদি বিহীন দীক্ষিত ব্যক্তি সম্বন্ধে জানিবে, নিষিদ্ধ দিনে তান্ত্রিকী সন্ধ্যা করণের

গ্রহণ পুরশ্চরণ সংকল্প *। বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুক রাশিস্থে ভাস্করেশুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথাবারভ্য রাহুগ্রস্তে নিশাকরে অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীমদমুক দেবতায়া অমুক মন্ত্রসিদ্ধিকামো গ্রাসাদ্বিমুক্তিজ্ঞানপর্য্যন্তং অমুক দেবতায়া অমুক মন্ত্রজপ (রূপ) পুরশ্চরণ মহং করিষ্যে। সংকল্পান্তে, প্রাণায়াম, ঋষ্যাদি ন্যাস এবং অঙ্গন্যাস ও করাঙ্গ ন্যাস করিয়া, সত্বর সংখ্যাযুক্ত জপ আরম্ভ করিবে। পরে, মুক্তিস্নান করিবে। পরদিনে প্রাতঃকালে স্নানাদি নিত্য কার্য্য সমাধা পূর্ব্বক যথশক্তি পঞ্চোপচারাদি দ্বারা দেবতার পূজা করিয়া, জপ সংখ্যার দশাংশ দশাংশ সংখ্যা অনুসারে হোমাদি করিবে।

হোম সংকল্প যথা,—অদ্যামুকে মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ

ন্যায় ইহাতে দোষ নাই, তান্ত্রিকেরা এরূপ বলিয়া থাকেন। দীক্ষিত ব্যক্তি স্নানদানাদি ব্যতিরেকে কেবল জপ হোমাদি করিতে পারেন এরূপ প্রমাণও আছে।

* সূর্য্যগ্রহণে অমাবস্যান্তিথাবারভ্য (প্রতিপদে গ্রহণারম্ভ হইলে প্রতিপদি তিথৌ) রাহুগ্রস্থে দিবাকরে এইরূপ বিশেষ বাক্য হইবে। সূর্য্যগ্রহণদিনে রাক্ষসী কালাদি অবিহিত কালে মুক্তি না হইলে সেই দিনেই অথবা তৎপরদিনে হোমাদি করিবে।

শ্রীঅমুক দেবশর্ম্মা অমুক মন্ত্রেণ একৈকেন সাজ্যবিল্বপত্রেণ (করবীরাদি পুষ্পেন বা) রাহুগ্রস্ত নিশাকর কালীন অমুক মন্ত্র জপ দশাংশ হোমমহং করিষ্যে।

তর্পণ। অদ্যেত্যাদি—অমুক দেবশর্ম্মা রাহুগ্রস্তনিশাকর কালীন অমুক মন্ত্র জপ দশাংশ হোম-দশাংশ তর্পণমহং করিষ্যে। সংকল্পান্তে জলাত্মক পাদ্যাদি দ্বারা দেবতাকে পূজা করিয়া, "মূল উচ্চারণ পূর্ব্বক অমুকদেবতামহং তর্পয়ামি নমঃ, মন্ত্রে তর্পণ করিবে।

অভিষেক। অদ্যেত্যাদি—রাহুগ্রস্তনিশাকরকালীন অমুক মন্ত্রজপদশাংশ হোম-দশাংশ তর্পণ-দশাংশাভিষেকমহং করিষ্যে। স্বীয় মস্তকে অভীষ্টদেবতার চিন্তা দ্বারা পূজা করিয়া, "মূল উচ্চারণ পূর্ব্বক নম অমুক দেবতামহমভিষিঞ্চামি,, এই মন্ত্রে কলসমুদ্রা দ্বারা স্বীয় মস্তকে জলদিয়া অভিষেক করিবে।

ব্রাহ্মণ ভোজন। অদ্যেত্যাদি—অমুক দেবশর্ম্মা রাহুগ্রস্তনিশাকর কালীন অমুক মন্ত্রজপ দশাংশ-হোম-দশাংশ তর্পণ-দশাংশ অভিষেক-দশাংশ ব্রাহ্মণভোজনমহং কারয়িষ্যে *। এই সংকল্পান্তে পরিশুদ্ধ

---

* কোন কোন পদ্ধতির মতে এককালেই সমস্ত সংকল্প আছে, যথা,—অদ্যেত্যাদি—কৃতৈতৎ গ্রহণ কালীন অমুক দেবতায়া অমুক মন্ত্রস্য ইয়ৎসংখ্যাক জপ-তদ্দশাংশহোম-তদ্দশাংশতর্পণ-তদ্দশাংশাভিষেক-তদ্দশাংশব্রাহ্মণ ভোজন কর্ম্মাহং করিষ্যে। তত্তৎ প্রকরণোক্ত দেবতা বিশেষে বিহিত দ্রব্য দ্বারা হোমাদি করিবে।

দীক্ষিত ব্রাহ্মণ দিগকে সন্তোষজনক দ্রব্য ভোজন করাইবে। পরে, যথাশক্তি ক্রমে নানা উপচারে দেবতার পূজা করিবে।

তৎপরে, বস্ত্রাদি দ্বারা গুরুর পূজা করিয়া, দক্ষিণান্ত করিবে,—অদ্যেত্যাদি—অমুক দেবশর্ম্মা কৃতৈতৎ রাহুগ্রস্ত নিশাকর কালীন অমুক মন্ত্র জপ তদ্দশাংশহোম তদ্দশাংশ তর্পণ তদ্দশাংশাভিষেক তদ্দশাংশ ব্রাহ্মণ ভোজন রূপ পুরশ্চরণকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামেতৎ কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং গুরবেহহং সম্প্রদদে॥ পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান পূর্ব্বক দেবতা এবং গুরুকে নমস্কার করিবে।

পুশ্চরণ বিশেষ প্রয়োগ।

অন্যান্য প্রকার পুরশ্চরণ যথা,—ভানুর উদয় হইতে পুনরুদয় কাল পর্য্যন্ত কিম্বা অস্ত হইতে পুনরস্ত অথবা উদয় হইতে অস্ত অথবা অস্ত হইতে উদয় কাল ব্যাপক তিথি বিশেষে দেবতা বিশেষের মন্ত্র জপ করিলে পুরশ্চরণ সিদ্ধি হয়। ঋতু পুরশ্চরণে, সংক্রান্তি দিন হইতে প্রত্যহ দশ ঘটিকা কাল করিয়া ঋতুকাল ব্যাপক জপ করিবে, বসন্ত কালে পূর্ব্বাহ্ণে গ্রীষ্মে মধ্যাহ্নে বর্ষায় অপরাহ্ণে শরতে প্রদোষে হেমন্তে অর্দ্ধরাত্রে শিশিরে রাত্রিশেষে জপ করিবে। বার পুরশ্চরণে, রবিবারে সহস্র সংখ্যক সোমবারে দুইসহস্র এইরূপে

সপ্তবারে ক্রমশঃ সহস্র সংখ্যা বৃদ্ধি করিয়া জপ করিবে। তিথি পুরশ্চরণে, প্রতিপদে সহস্র সংখ্যক দ্বিতীয়ায় দ্বিসহস্র এই ক্রমে বৃদ্ধি করিয়া আমাবস্যা পর্য্যন্ত পঞ্চদশ তিথিতে জপ করিবে। এইরূপ সংক্রান্তিতে এবং নক্ষত্র বিশেষেও পুরশ্চরণ নানা প্রকার বলিয়াছেন, এই সমস্তই প্রায় কাল্যাদি শক্তি বিষয় অধিকার করিয়া বলিয়াছেন। সর্ব্বত্রই জপের শেষ দিনে বা তৎপর দিনে হোমাদি করিতে হইবে। বৈষ্ণবেরা গ্রহণ ব্যতীত রাত্রিকালে জপপূজাদি করিবেন না।

সংকল্প প্রকার যথা। অদ্যেত্যাদি—অমুক দেবশর্ম্মা শ্রীমদমুক দেবতায়া অমুক মন্ত্র সিদ্ধিকামো ভানোরুদয়াত্তুদয় পর্য্যন্তং শ্রীমদমুক দেবতায়া অমুক মন্ত্রজপরূপ পুরশ্চরণ কর্ম্মাহং করিষ্যে। ঋতু পুরশ্চরণে, অদ্যেত্যাদি—অমুক মন্ত্র সিদ্ধিকামঃ অমুক দেবতায়াঃ অমুক মন্ত্রস্য গ্রীষ্ম ঋতু ব্যাপক জপরূপ পুরশ্চরণমহং করিষ্যে। বার পুরশ্চরণে, অদ্যেত্যাদি-অমুক মন্ত্র সিদ্ধিকামো রবিবারাদি সর্ব্ববারেষু অমুক দেবতায়াঃ অমুক মন্ত্রস্য বারসংখ্যক জপরূপ পুরশ্চরণমহং করিষ্যে। দক্ষণান্তে, অদ্যেত্যাদি-অমুক দেবশর্ম্মা কৃতৈতৎ রবিবারাদ্যধিকরণক বার সংখ্যক সহস্রজপ তদ্দশাংশ হোম তদ্দশাংশতর্পণ তদ্দশাংশাভিষেক তদ্দশাংশ ব্রাহ্মণ ভোজনরূপ পুরশ্চরণ কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণাংতদিত্যাদি। তিথি পুরশ্চরণও এইরূপ কেবল বার শব্দ স্থানে তিথি শব্দের প্রয়োগ হইবে এই বিশেষ॥

জগদ্ধাত্রী-পূজাপদ্ধতি *।

স্নানাদি নিত্য কার্য্য সমাধা পূর্ব্বক কর্ম্মকর্ত্তা স্বয়ং উত্তরাস্য হইয়া উপবেশন করিয়া, আচমনানন্তর গণেশাদিকে গন্ধ-পুষ্প দিয়া, "কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গা পূজা কর্ম্মণি ওঁপুণ্যাহং' ভবন্তো ব্রুবন্তু,, এই ক্রমে স্বস্তিবাচন করিয়া সংকল্প করিবে, যথা,—

বিষ্ণুরোম্ তৎসদোমদ্য কার্ত্তিকে মাসি [তুলা রাশিস্থে ভাস্করে] শুক্লেপক্ষে

---

* কাত্যায়নীতন্ত্র প্রভৃতিতে বলিয়াছেন যে, কার্ত্তিকী শুক্লা নবমী যুগাদ্যা এবং ঐ তিথিতে মঙ্গল বারে জগতের শান্তি বিধায়িনী ও পালন কর্ত্রী শ্রীশ্রী জগদ্ধাত্রী দেবী আবির্ভূতা হইয়াছিলেন, সুতরাং এস্থলে উদয় গামিনী নবমী তিথির গ্রাহ্যতা এবং জন্মতিথির ন্যায় এই পূজা প্রতি বৎসর করা কর্ত্তব্য এবং ইহাতে যুগ্মাদর নাই। পূর্ব্বদিন ত্রিসন্ধ্যা ব্যাপিনী হইয়াও যদি পরদিবস মুহূর্ত্তকাল মাত্র নবমী পায় তাহা হইলে সেই মুহূর্ত্ত মাত্রনবমী আশ্রয় করিয়াই পরদিনে পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন ও অপরাহ্ন এই ত্রিকালে সাত্ত্বিকী রাজসী ও তামসী সংজ্ঞিতা পূজা হইবে, এরূপ স্থলে দশমীতে বলিদানে দোষ নাই।

নবম্যান্তিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক পুরুষার্থ-চতুষ্টয়সিদ্ধিকামঃ, কিম্বা) শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গা প্রীতিকামঃ, শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গা পূজনমহং করিষ্যে।

সংকল্পসূক্ত দেবোবো—মন্ত্র পড়িয়া, (স্বয়ং অশক্ত স্থলে) দীক্ষিত পূজককে (সমর্থপক্ষে তন্ত্রধারককেও) বরণ (প্র ৭৪ পৃষ্ঠা) করিয়া দিবে।

তৎপরে পূজক স্বীয় আসনে উপবেশন করিয়া স্বকীয় নিত্যপূজাদি সমাধা পূর্ব্বক ওঁ আত্মতত্ত্বায় স্বাহা ইত্যাদি মন্ত্রে তান্ত্রিক আচমন করিবে, পরে, ঘটস্থাপন (৬ষ্ঠভাগ ১০২পৃষ্ঠা) পূর্ব্বক সামান্যার্ঘ্য করিয়া, ঐ কোশার জল দ্বারা পূজাস্থান ও দ্রব্যাদি অভ্যুক্ষণ করণানন্তর দ্বারদেবতাদিগকে গন্ধ-পুষ্পদ্বারা পূজা করিবে, (পূর্ব্বাদি চতুর্দ্দিকে) ওঁ বিঘ্নায় নমঃ, (এই ক্রমে) মহালক্ষ্ম্যৈ, সরস্বত্যৈ, বিঘ্নেশ্বরায়, (অগ্ন্যাদি কোন চতুষ্টয়ে)

ওঁ ক্ষেত্র পালায় নমঃ, (এইক্রমে) গঙ্গায়ৈ, যমুনায়ৈ, অস্ত্রায় (নৈঋত কোনে) ব্রহ্মণে, বাস্তুপুরুষায়।

পরে বিঘ্নোৎসারণ, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, কায়াদিশুদ্ধি, গুর্ব্বাদিকে প্রণাম এবং করশুদ্ধ্যাদি (৬ষ্ঠভাগের ১০৪ পৃষ্ঠায় দেখ) ক্রমশঃ করিয়া ভূতশুদ্ধি (প্র ৭৭ পৃ) করিবে। তৎপরে স্বহৃদয়ে অঙ্গুষ্ঠ মধ্যমা ও অনামিকাগ্র-ভাগ স্থাপন করিয়া 'আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হংসঃ শ্রীমজ্জগ-দ্ধাত্র্যা দুর্গায়াঃ প্রাণা ইহ প্রাণা (এইক্রমে) আত্ম প্রাণ প্রতিষ্ঠা করিবে।

মাতৃকা-ন্যাস।

অস্য মাতৃকা মন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রী চ্ছন্দো মাতৃকা সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ো ঽব্যক্তং কীলকং মাতৃকা (লিপি) ন্যাসে বিনিয়োগঃ [পরে যথা কথিত মন্ত্রে যথাকথিত স্থান সকল

স্পর্শ করিবে, যথা, ।] শিরসি ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ, মুখে ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ, গুহ্যে ওঁ হলেভ্যো বীজেভ্যো নমঃ, পাদয়োঃ ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ। সর্ব্বাঙ্গেঽব্যক্তকীলকায় নমঃ। তৎপরে আদিতে অ, ই, উ, এ, ও, এই হ্রস্ব স্বর এবং অন্তে উহার দীর্ঘ স্বর যোগ করিয়া পাঁচ পাঁচ ব্যঞ্জনবর্ণ দ্বারা করন্যাস করিবে, যথা, অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি ক্রমে অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্, ইত্যন্ত করন্যাস করিয়া, অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ, ইত্যাদি পূর্ব্বোক্ত ক্রমে ষড়ঙ্গন্যাস করিবে।

অন্তর্মাতৃকা যথা, [একটি পুষ্প দ্বারা কণ্ঠ মূল স্পর্শ করিয়া] অং নমঃ (এই ক্রমে) আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং এং ঐং ওং ঔং অং অঃ নমঃ, [এই ষোড়শ স্বরবর্ণ ন্যাস করিবে, পরে হৃদয় স্পর্শ করিয়া] কং নমঃ হইতে ঠং নমঃ পর্য্যন্ত দ্বাদশ বর্ণ, [নাভি স্পর্শ করিয়া] ডং নমঃ হইতে ফং নমঃ পর্য্যন্ত দশ বর্ণ, [লিঙ্গ মূলে] বং নমঃ হইতে লং নমঃ পর্য্যন্ত ষড়্ বর্ণ, [মূলাধারে] বং নমঃ শং নমঃ ষং নমঃ সং নমঃ, [ভ্রূদ্বয় মধ্যে] হং নমঃ ক্ষং নমঃ, ক্রমশঃ ন্যাস করিবে।

বাহ্য মাতৃকা ধ্যান।—ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্ত মুখদোঃ পন্মধ্যবক্ষঃস্থলাং, ভাস্বন্মৌলি-নিবদ্ধ চন্দ্রশকলা-মাপীন তুঙ্গস্তনীং। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চহস্তাম্বুজে॥ বিভ্রাণাং বিশদপ্রভাং

ত্রিনয়নাং বাগ্দেবতামাশ্রয়ে ॥ এইধ্যানে একটি পুষ্প মস্তকে দিয়া, নমোঽন্ত বর্ণোচ্চারণ করিয়া, দক্ষিণাঙ্গ ক্রমে যথা কথিত অঙ্গুলি দ্বারা যথা কথিত স্থান সকল স্পর্শ করিবে *।

যথা, (অনামা ও মধ্যমাঙ্গুলি দ্বারা ললাটে) অং নমঃ, এই ক্রমে (তর্জ্জনী মধ্যমা ও অনামিকা দ্বারা মুখে) আং (অঙ্গুষ্ঠ ও আনামিকা দ্বারা নেত্র দ্বয়ে) ইং ঈং (অঙ্গুষ্ঠ দ্বারা কর্ণ দ্বয়ে) উং ঊং (কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠদ্বারা নাসাপুটদ্বয়ে) ঋং ৠং (তর্জ্জনী মধ্যমা ও অনামিকা দ্বারা গণ্ডদ্বয়ে) ঌং ৡং (মধ্যমাদ্বারা ওষ্ঠাধরে) এং ঐং (অনামিকাদ্বারা উর্দ্ধাধোদন্তে) ওং ঔং (মধ্যমাদ্বারা মস্তকে) অং (অনামিকাদ্বারা মুখে) অঃ নমঃ ॥

কনিষ্ঠা অনামা ও মধ্যমাদ্বারা পশ্চাল্লিখিত স্থানসকল স্পর্শ করিবে যথা,—(দক্ষিণ বাহুমূলে) কং নমঃ (কর্পূরে) খং (মণিবন্ধে) গং (অঙ্গুলিমূলে) ঘং (অঙ্গুল্যাগ্রে) ঙং (এইরূপে বাম বাহুর পাঁচ সন্ধি স্থানে) চং ছং জং ঝং ঞং (ঐরূপ দক্ষিণপাদমূল হইতে অঙ্গুল্যগ্র পর্য্যন্ত পাঁচস্থানে) টং ঠং ডং ঢং ণং (ঐরূপ বামপাদে) তং থং দং ধং নং (দক্ষিণ ও বামপার্শ্বে) পং ফং (পৃষ্ঠে) বং (তর্জ্জনী ভিন্ন চারি অঙ্গুলি দ্বারা নাভিতে) ভং (সর্ব্বাঙ্গুলি দ্বারা উদরে) মং [হস্ততলদ্বারা শেষোক্ত স্থানসকল স্পর্শ করিবে]

---

* অশক্তস্থলে এই ন্যাস কেবল একটি পুষ্পদ্বারা করিলেও হইবে।

যথা—(হৃদয়ে) যং (বাহুমূলদ্বয়ে) রং লং (ককুৎস্থলে) বং (হৃদাদি দক্ষিণ করে) শং (হৃদাদি বাম করে) ষং হৃদাদি দক্ষিণ পাদে) সং (হৃদাদি বামপাদে) হং (হৃদাদি উদরে) লং (হৃদাদি মুখে) ক্ষং নমঃ ॥

পীঠন্যাস।

আত্মহৃদয়ে (পুষ্পযুক্ত) দক্ষিণ করাঙ্গুলি সকল স্থাপন করিয়া,—ওঁ আধারশক্তয়ে নমঃ, (এইক্রমে) প্রকৃতয়ে, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়, (দক্ষিণ ও বামস্কন্ধে) ধর্ম্মায়। জ্ঞানায় (উরুদ্বয়ে) বৈরাগ্যায়। ঐশ্বর্য্যায় (মুখে) অধর্ম্মায় (বাম [illegible]র্শ্বে) অজ্ঞানায় (নাভিতে) অবৈরাগ্যায় (দক্ষিণপার্শ্বে) অনৈশ্বর্য্যায়। (পুনশ্চ হৃদয়ে) অনন্তায়, পদ্মায়, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ, উং সোমমণ্ডলায় ষোড়শ কলাত্মনে নমঃ, মং বহ্নি মণ্ডলায় দশকলাত্মনে নমঃ, সং সত্বায় নমঃ, রং রজসে নমঃ, তং তমসে নমঃ, আং আত্মনে নমঃ, অং অন্তরাত্মনে নমঃ, পং পরমাত্মনে নমঃ, হ্রীং জ্ঞানাত্মনে নমঃ। [এই পর্য্যন্ত ন্যাস করিয়া, হৃদ্‌পদ্মের কেশরে পূর্ব্বাদি অষ্টদিকে দেবীর পীঠশক্তির ন্যাস করিবে] যথা,—আং প্রভায়ৈ নমঃ (এইক্রমে) ঈ

মায়ায়ৈ, উঁং জয়ায়ৈ, এং সূক্ষ্মায়ৈ, ঐং বিশুদ্ধায়ৈ, ওঁ নন্দিন্যৈ, ওঁ সুপ্রভায়ৈ, অং বিজয়ায়ৈ, অঃ সর্ব্বসিদ্ধি প্রদায়ৈ [ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় হুং ফট্ নমঃ] ॥ (দেবতা বিশেষে পীঠশক্তি পৃথকও আছে)

পরে মূলমন্ত্রে বা হ্রীঁ মন্ত্রে প্রাণায়াম করিয়া, ঋষ্যাদিন্যাস করিবে, যথা,—অস্য দুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দো জগদ্ধাত্রীদুর্গা দেবতা চতুর্ব্বর্গ সিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। (একটি পুষ্প দ্বারা যথাস্থান স্পর্শ করিবে) [শিরসি] ওঁ নারদঋষয়ে নমঃ, [মুখে] ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ [হৃদি] ওঁ জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ। তৎপরে, দাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, এইক্রমে করন্যাস এবং অঙ্গন্যাস করিবে। মূলমন্ত্রে সপ্তবার ব্যাপকন্যাস (প্র ৬৭ পৃঃ) করিয়া ধ্যান করিবে।

ধ্যান *।—সিংহস্কন্ধসমারূঢ়াং নানালঙ্কারভূষিতাং চতুর্ভুজাং মহাদেবীং

---

* রত্নময়দ্বীপস্বরূপ যে উচ্চবেদিকা তাহার উপর সিংহাসন সমন্বিত স্থানে প্রস্ফুটিত কমলাসনে উপবিষ্টা সিংহবাহিনী শিবগৃহিণী চতুর্ভুজা সেই মহাদেবীকে সাধক চিন্তা করিবেন; যে ভবসুন্দরী নারদাদি

নাগযজ্ঞোপবীতিনীং। [শঙ্খশার্ঙ্গসমাযুক্ত-বামপাণিদ্বয়ান্বিতাং, চক্রঞ্চ পঞ্চবাণাংশ্চ দধতীং দক্ষিণে করে]। রক্তবস্ত্রপরিধানাং বালার্কসদৃশীতনুং, নারদাদ্যৈর্মুনিগণৈঃ সেবিতাং ভবসুন্দরীং। ত্রিবলীবলয়োপেত-নাভিনালমৃণালিনীং, রত্নদ্বীপে মহাদ্বীপে সিংহাসনসমান্বিতে। প্রফুল্লকমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীং ॥

ধ্যানান্তে যথাশক্তিক্রমে মানসোপচারে পূজা পূর্ব্বক, বিশেষার্ঘ্য (প্র ৬৮ পৃষ্ঠা) স্থাপন করিয়া, ঐ অর্ঘ্য জল কোশায় কিঞ্চিৎ ঢালিয়া ঐ জলে

মুনিগণ কর্ত্তৃক স[illegible] সেবিত এবং যিনি রক্তবর্ণ বস্ত্র পরিধান করিয়াছেন ও প্রাতঃসূর্য্যের ন্যায় সমুজ্জ্বল-রক্তাভ দেহ ধারণ ক[illegible]তেছেন, যিনি (কটিসন্নিহিত স্থানে) ত্রিবলীরূপ বলয় সমন্বিত যে নাভি তদ্দ্বারা মৃণালবিশিষ্ট পদ্মের শোভা ধারণ করিয়াছেন, যাঁহার শরীর নানাপ্রকার অলঙ্কারে বিভূষিতা ও যিনি সর্পসম্বন্ধীয় যজ্ঞোপবীত বিশিষ্টা এবং যিনি বামহস্তদ্বয়ে শঙ্খ ও শৃঙ্গনির্ম্মিত ধনু এবং দক্ষিণহস্তদ্বয়ে পঞ্চবাণ ও চক্র ধারণ করিতেছেন।

স্বমস্তক ও পূজাদ্রব্য প্রোক্ষণ করিবে। পরে, [এতে-গন্ধ-পুষ্পে ওঁ গুরুভ্যো নমঃ, (এইক্রমে) পরমগুরু ও পরমেষ্ঠিগুরু পূজা করিয়া, *] আধারশক্ত্যাদি পীঠপূজা পীঠন্যাসোক্ত ক্রমে করিবে। তৎপরে, পুনশ্চ ধ্যান করিয়া (স্বহৃদয় হইতে তেজোময় দেবীকে [চিন্তা পূর্ব্বক] করস্থিত পুষ্পের সহিত ঘটে আরোপণ করাইবে) পরে আবাহন করিবে, যথা,—

ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥ মূলমন্ত্র উচ্চারণ করিয়া, জগদ্ধাত্রি দুর্গে দেবি স্বকীয়গণসহিতে ইহাগচ্ছাগচ্ছ—ইত্যাদিক্রমে আবাহন করিয়া, ‘হূং, মন্ত্রে অবগুণ্ঠন পূর্ব্বক ‘হ্রাং হৃদয়ায় নমঃ, এইক্রমে দেবতাঙ্গে ষড়ঙ্গ বিন্যাসানন্তর তুড়িদ্বারা দশদিগ্বন্ধন করিয়া, ধেনু যোনি ভূতনী আকর্ষণী এবং পরমীকরণ মুদ্রা (প্র ৫০ পৃষ্ঠা দেখ)

* গুরুদেবতার ঐক্য নিবন্ধন সকল পদ্ধতিতে গুরুপূজা পৃথক্ লেখা নাই।

দেখাইয়া, গায়ত্রীপাঠ পূর্ব্বক দেবীর এবং বাহনের চক্ষুর্দ্দান করিয়া,—আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হংসঃ জগদ্ধাত্র্যা দুর্গায়াঃ প্রাণা ইহপ্রাণাঃ (এইক্রমে) দেবীর ও বাহনের প্রাণপ্রতিষ্ঠা (প্র ৭৬ পৃষ্ঠা দেখ) করিবে।

ষোড়শোপচার পূজা। 'বং রজতাসনায় নমঃ, বলিয়া আসনে পবিত্র দ্বারা তিনবার জলের ছিটা দিয়া, এতে গন্ধ-পুষ্পে বং রজতাসনায় নমঃ, এতে গন্ধ-পুষ্পে এতদধিপতয়ে দেবায় বিষ্ণবে নমঃ, এতে গন্ধ-পুষ্পে এতৎ সম্প্রদানৌ শ্রীমজ্জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ, (এইরূপে অর্চ্চনা করিয়া) দূং ইদং রজতাসনং জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ। কৃতাঞ্জলি হইয়া, দূং জগদ্ধাত্রি দুর্গে দেবি স্বাগতং। (পূর্ব্ববৎ অর্চ্চনাদি করিয়া প..দি দিবে,) পাদ্যং-নমঃ, অর্ঘ্যং-স্বাহা, আচমনীয়ং-স্বধা, মধুপর্কং-স্বধা, আচমনীয়ং-স্বধা, স্নানীয়ং-নমঃ, বস্ত্রং-নিবেদয়ামি, আভরণং-নমঃ, গন্ধো-নমঃ, পুষ্পং-বৌষট্, বিল্বপত্রং-নমঃ, [মূল মন্ত্রে পঞ্চবার পুষ্পাঞ্জলি দিবে] ধূপ দীপৌ-নমঃ, নৈবেদ্যং-নিবেদয়ামি (অমৃতাপিধানমসি স্বাহা, পর্য্যন্ত বলিয়া) ওঁ নিবেদয়ামি ভগবতি যুষাণেদং হবিঃ শিবে। এই মন্ত্র বলিবে, পরে পানার্থ, আচমনীয় ও তাম্বুল দিবে এবং মূল মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিবে। তৎপরে 'দুং শ্রীমজ্জগদ্ধাত্রিং দুর্গাং তর্পয়ামি স্বাহা'

মন্ত্রে বামকরস্থিত তত্ত্বমুদ্রা দ্বারা তিনবার তর্পণ করিবে। [এই সময় তৈজসাধার ভোজ্যাদি এবং অষ্টোত্তর-শত-দীপমালা দেবী সম্প্রদানক উৎসর্গ করিয়া দিবে] (প্র ৮০ পৃষ্ঠা দেখ)।

আবরণপূজা *।

প্রভাদ্যা ইহাগচ্ছতাগচ্ছত—(ইত্যাদিক্রমে) নবশক্তির আবাহন পূর্ব্বক পঞ্চোপচারে পূজা করিবে, হ্রীং প্রভায়ৈ নমঃ, হ্রীঁ মায়ায়ৈ নমঃ, (এইক্রমে) জয়ায়ৈ, সূক্ষ্মায়ৈ, বিশুদ্ধায়ৈ, নন্দিন্যৈ, সুপ্রভায়ৈ, বিজয়ায়ৈ, সর্ব্বসিদ্ধিদায়ৈ। হ্রীঁ শঙ্খনিধয়ে নমঃ, হ্রীঁ পদ্মনিধয়ে নমঃ॥

এতে গন্ধ-পুষ্পে হ্রীঁ জয়ায়ৈ নমঃ, (এইক্রমে) বিজয়ায়ৈ, কীর্ত্ত্যৈ, প্রীত্যৈ, প্রভায়ৈ, শ্রদ্ধায়ৈ, শ্রুত্যৈ, মেধায়ৈ। শঙ্খায়, চক্রায়, গদায়ৈ, খড়্গায়, পাশায়, অঙ্কুশায়, চাপায়, শরায়। পরে দাং হৃদয়ায় নমঃ, দীং শিরসে স্বাহা,—(এইক্রমে)

---

* তন্ত্রসারে কালীপূজার বিধি অনুসারে জগদ্ধাত্রী পূজা করিতে বলিয়াছেন। (সমর্থ হইলে পৃথক আবাহন করিবে)

গন্ধ-পুষ্প-দ্বারা ষড়ঙ্গের পূজা করিয়া যথাশক্তি উপচার দ্বারা নিম্নোক্ত দেবতাদিগের পূজা করিবে।

অষ্টশক্তির পূজা।—ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ, (এইক্রমে) নারায়ণ্যৈ মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, (বৈষ্ণব্যৈ) বারাহ্যৈ, অপরাজিতায়ৈ, (ইন্দ্রাণ্যৈ) চামুণ্ডায়ৈ, (মহালক্ষ্ম্যৈ) নারসিংহ্যৈ ॥

